গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
চন্দনাইশ, চট্টগ্রাম।

স্মারক নং-৩৪.০১.১৫১৮.০০০.০৬.১৭৮.১৬- ৫৮ তারিখ ঃ ১১/০৪/২০২২ খ্রিঃ

**বিষয় ঃ উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভা প্রসঙ্গে।**

এতদ্বারা উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সম্মানিত সকল সদস্যগনের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৩/০৪/২০২২ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,চন্দনাইশ,চট্টগ্রামের অফিস কক্ষে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির **সভা** সম্মানিত ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,চন্দনাইশ,চট্টগ্রামের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য কমিটির সম্মানিত সদস্যগনকে বিশেষভাবে অনুরোধ করা হল।

সভায় আলোচ্য সূচী ঃ

১। যুব ঋণ খেলাপী সংক্রান্ত আলোচনা।
২। যুব প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা।
৩। উপজেলা যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্রে প্রতিষ্ঠা সংক্রান্ত আলোচনা।
৩। বিবিধ আলোচনা।

প্রাপকঃ
জনাব -------------------------
---------------------------

১১/০৪/২০২২
আ.ন.ম ছালেহ উদ্দীন
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
চন্দনাইশ, চট্টগ্রাম।

স্মারক নং-৩৪.০১.১৫১৮.০০০.০৬.১৭৮.১৬- তারিখ ঃ ১১/০৪/২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,চন্দনাইশ,চট্টগ্রাম।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,চন্দনাইশ,চট্টগ্রাম।
০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ ,চট্টগ্রাম।
০৪। সংরক্ষিত নথি।

১১/০৪/২০২২
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
চন্দনাইশ, চট্টগ্রাম।

CamScanner

# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা

তারিখ ঃ ১৩/০৪/২০২২ খ্রিঃ

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দঃ

| ক্রঃ নং | কমিটির সম্মানিত সদস্যবৃন্দের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মৌলানা মোঃ সোলাইমান<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, চন্দনাইশ। | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আলমগীরুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, হাশিমপুর ইউনিয়ন পরিষদ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব আহমদুর রহমান<br>চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব ইয়াছমিন আকতার, মহিলা সদস্য<br>সংরক্ষিত আসন-০১<br>সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আ.ন.ম. ছালেহ্ উদ্দীন<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,চন্দনাইশ,চট্টগ্রাম। | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভাপতি ঃ জনাব মৌলানা মোঃ সোলাইমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চন্দনাইশ,চট্টগ্রাম।

সভার স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ।

সভার তারিখ ও সময় ঃ ১৩/০৪/২০২২খ্রিঃ সকাল ১১.০০ টা।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব সভায় জানান যুব উন্নয়ন অধিদপ্তর ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুব মহিলাদের কে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দিয়ে আত্মকর্মী হওয়ার জন্য উদ্বুদ্ধ করে থাকে এবং প্রশিক্ষিত যুবদের গৃহীত প্রকল্পে যুবঋণ প্রদান করে থাকে।

আলোচনা-১ ঃ সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২১-২০২২ অর্থ বছরে প্রতি ব্যাচে ৩০ জন করে ১৪ ব্যাচে ৪২০ জন বেকার যুবক ও যুব মহিলাকে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ দেওয়া হবে। মার্চ/২২ পর্যন্ত ১০ ব্যাচে ৩০০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম যথাযথ ভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-২ঃ চন্দনাইশ উপজেলায় ৫০ শতক জায়গা অধিগ্রহন করে যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের জন্য জমি অধিগ্রহনের প্রস্তাব প্রেরণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। চন্দনাইশ উপজেলায় যুব প্রশিক্ষণ ও বিনোদন কেন্দ্র স্থাপনের কার্যক্রম এগিয়ে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-৩ ঃ ঃ যুব ঋণ খেলাপীর পরিমান ৭,৫৪,৩০০ টাকা। এই খেলাপী টাকা আদায় করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। যুবঋণখেলাপীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচন ঃ** বিবিধ আলোচনায় সভাপতি মহোদয় বলেন বেকার যুবদের প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তুলতে হবে এবং যারা যুব ঋণখেলাপী করেছেন তাঁদেরকে অবশ্যই উক্ত টাকা পরিশোধ করতে হবে। নচেৎ তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

মৌলানা মোঃ সোলাইমান
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
ও
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ

CamScanner

# উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা-

অদ্য ১৩/০৪/২০২২ ইং তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যেদের স্বাক্ষর:-

| ক্র: নং | নাম ও পদবী | সদস্য সংখ্যা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মৌ: মো: সোলাইমান<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চন্দনাইশ, চট্টগ্রাম | সভাপতি | |
| ২ | জনাব আলমগীরুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, হাশিমপুর ইউনিয়ন পরিষদ, চন্দনাইশ, চট্টগ্রাম | সদস্য | |
| ৩ | জনাব আহমুদুর রহমান<br>চেয়ারম্যান, সাতবাড়িয়া ইউনিয়ন পরিষদ, চন্দনাইশ, চট্টগ্রাম | সদস্য | |
| ৪ | জনাব ইয়াছমিন আকতার<br>সংরক্ষিত আসন-১, চন্দনাইশ, চট্টগ্রাম | সদস্য | |
| ৭ | জনাব আ ন ম ছালেহ উদ্দিন<br>উপজেলা যুব উন্নয়ন ., কর্মকর্তা, চন্দনাইশ, চট্টগ্রাম | সদস্য সচিব | |

CamScanner